# দূতী

যাবনা দূতী, পথের বাঁকে ভয়,
লুকিয়ে আছে কুটিল কালো সাপ,

চোয়াল খুলে বসাবে বিষ দাঁত
মুত্যুকে নয় গরল পরিতাপ।

শুনিও নারে বিরল কথকতা
শ্রবণে জ্বালা, স্মরণে বাড়ে ঋণ;

বিগত রাতে মোহন উপকূল
হারিয়ে গেছে প্রদীপ আলাদীন।

যাবনা দূতী, পথের বাঁকে ভয়
গোপনে তার ঘর ছাড়ানো বাঁশি;

বাজিও নারে, স্মৃতির থেকে ঘুমে
আলো ছায়া, আড়াল ভালবাসি।

কাশীনাথ দাশ চাকলাদার

সৃষ্টিসন্ধান